



আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের আয়োজনে ও রংপুর বিভাগীয় কমিশনারের তত্ত্বাবধানে গত ১৩ নভেম্বর ২০১৬ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত হয় রংপুর অঞ্চলের উপভাষা: কৃপবৈচিত্র্য অনুসন্ধান, সংরক্ষণ ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা। এ কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম, অতিরিক্ত সচিব ও পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট। তারিখ: ১৩ নভেম্বর ২০১৬ খ্রি। বিভাগ: বিভাগীয় প্রশাসন, রংপুর।

থেকে কর্মশালাটি সফল করতে ভূমিক পালন করেন জনাব কাজী হাসান আহমেদ, অতিরিক্ত সচিব ও বিভাগীয় কমিশনার, রংপুর। কর্মশালায় উপস্থিত অতিথিবৃন্দ ছিলেন রংপুর বিভাগের আট জেলার বাংলা উপভাষা বিষয় বিশেষজ্ঞ প্রফেসর, সরকারি-বেসরকারি কলেজের শিক্ষক, সাংবাদিক, সাংস্কৃতিক পরিমণ্ডলের বিজ্ঞজন, সরকারি-কর্মকর্তাসহ বিভিন্ন পর্যায়ের বিশেষজ্ঞ, কবি-সাহিত্যিকবৃন্দ। কর্মশালায় বিশেষ কৌশলপত্র উপস্থাপিত হলে উপস্থিত অতিথিবৃন্দ মূল্যবান মতামতসহ কিছু প্রশ্ন উত্থাপন করেন। সে বিষয়ে স্কাইপিতে অত্যন্ত সুন্দরভাবে জবাব প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটের সুযোগ্য মহাপরিচালক প্রফেসর ড. জীনাত ইমতিয়াজ আলী। কর্মশালাটি রংপুর বিভাগের সকল স্তরের গুরুজনের মনোযোগ আকর্ষণে যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। এবং রংপুর বিভাগের সাহিত্যিক-গবেষক-কর্মকর্তাবৃন্দেও মাঝে উপভাষা সংরক্ষণ বিষয়ে গভীর সচেতনতা সৃষ্টিতে সক্ষম হয়েছে।